মহেশপুরে কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণ ও অভিভাবক সমাবেশ

“বিআরডিবি’র অঙ্গীকার, উন্নত সমৃদ্ধ পল্লী গড়ার” স্লোগানকে সামনে রেখে ঝিনাইদহের মহেশপুরে কিশোরীদের সচেতনতামূলক প্রশিক্ষণ ও অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) মহেশপুরের উদ্যোগে খালিশপুর বহুমুখী মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে এ অনুষ্ঠান হয়। দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-এর দ্বিতীয় পর্যায়ের অংশ হিসেবে এ কার্যক্রম অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার খাদিজা আক্তারের সভাপতিত্ব ও উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বাহাউল ইসলামের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহের জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মোহাম্মদ আব্দুল আওয়াল। এছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ১নং এস বি কে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আরিফান হাসান চৌধুরী,খালিশপুর বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মোজাম্মেল হক সহ স্থানীয় জনপ্রতিনিধি ও অভিভাবকরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে বক্তারা বলেন, কিশোরীদের শিক্ষা, দক্ষতা উন্নয়ন, বাল্যবিবাহ প্রতিরোধ ও সমাজ সচেতনতায় এ ধরনের প্রশিক্ষণ কার্যক্রম অত্যন্ত গুরুত্বপূর্ণ। তারা কিশোরীদের আত্মবিশ্বাসী হয়ে গড়ে ওঠার আহ্বান জানান।

পরিশেষে উপস্থিত কিশোরীদের বিনামূল্য প্রশিক্ষণ সামগ্রী স্যানেটারী নাপকিন, খাতা, কলম ও স্কুল ব্যাগ বিতরণের পাশাপাশি সকল কিশোরী, অভিভাবক, শিক্ষকমন্ডলী, উপস্থিত অতিথি সহ বাল্য বিবাহকে না বলুন শপথ নিয়ে প্লাকাড প্রদর্শন করা হয়।

মহেশপুরে বাস ও ট্রাকের সংঘর্ষে ১৫ জন আহত

ঝিনাইদহের মহেশপুরে বাস ও ট্রাকের সংঘর্ষে অন্তত ১৫ জন আহত হয়েছে। বৃহস্পতিবার সকালে মহেশপুর উপজেলার তুষার সিরামিকসের সামনে এ দুর্ঘটনা ঘটে।

স্থানীয়রা জানায়, সকালে গোল্ডেন পরিবহনের একটি যাত্রীবাহি বাস ঢাকা থেকে দর্শনা যাচ্ছিলো। পথে কালীগঞ্জ-জীবননগর সড়কের ওই স্থানে পৌঁছালে তুষার সিরামিকসের কারখানা থেকে একটি ড্রাম ট্রাক বের হয়ে প্রধান সড়কে উঠলে বাসটির সাথে সংঘর্ষ হয়। এতে ট্রাকের চালক-হেলপার ও বাসের যাত্রীসহ ১৫ জন আহত হয়। খবর পেয়ে মহেশপুর ফায়ার সার্ভিস ঘটনাস্থলে গিয়ে আহতদের উদ্ধার করে স্থানীয় বিভিন্ন হাসপাতালে পাঠায়। গুরুতর আহত ট্রাকচালক ও হেলপারকে উন্নত চিকিৎসার জন্য যশোর জেনারেল হাসপাতালে পাঠানো হয়েছে।

মহেশপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তদন্ত সাজ্জাদুর রহমান সাজ্জাদ বলেন, দুর্ঘটনাস্থল থেকে বাস ও ট্রাক উদ্ধার করা হয়েছে। ঘটনার কারণ খতিয়ে দেখা হচ্ছে।

ঝিনাইদহে এডাব’র ৩ দিনব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন

ঝিনাইদহে এডাব’র ৩ দিনব্যাপী আইসিটি ও ডিজিটাল কমিউনিকেশনের উপর প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে।

বুধবার (২০ আগস্ট) এইড ফাউন্ডেশন প্রশিক্ষণ কেন্দ্র, ঝিনাইদহে এসোসিয়েশন অব ডেভেলপমেন্ট এজেন্সিজ ইন বাংলাদেশ-এডাব ঝিনাইদহ

জেলা শাখা কর্তৃক আয়োজিত “ আইসিটি ও ডিজিটাল কমিউনিকেশন এর উপর ৩ দিনব্যাপী প্রশিক্ষণ শুরু হয়েছে। প্রশিক্ষণের উদ্বোধনী পর্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণে উদ্বোধন করেন ঝিনাইদহ সদর উপজেলা কৃষি কর্মকর্তা মোঃ নুর নবী।

৩দিন ব্যাপী প্রশিক্ষণটি পরিচালনা করবেন পলাশ সাহা, যোগাযোগ কর্মকতা, এডাব ও সদস্য, এডাব রির্সোস প্রল। প্রশিক্ষনের উদ্বোধনী পর্বে স্বাগত বক্তব্য প্রদান করেন এডাব ঝিনাইদহ জেলা শাখার সদস্য সচিব ও প্রভা সোসাইটির নির্বাহী পরিচালক মোঃ এনামুল কবীর বাবুল।

প্রশিক্ষণের উদ্বোধনী পর্বে প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, বাংলাদেশের উন্নয়নে সরকারের পাশাপাশি এনজিওদের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। বিশেষ করে দক্ষিণ অঞ্চলের আর্থ-সামাজিক উন্নয়নে এনজিওসমূহের প্রচুর অবদান রয়েছে। বর্তমান সময়ে তথ্য হলো একটি শক্তি, আর একটি প্রশিক্ষণের মাধ্যমে এই তথ্যের আদান-প্রদান ঘটে। সুতরাং আইসিটি ও ডিজিটাল কমিউনিকেশন -এর মত গুরুত্বপূর্ণ একটি বিষয়ে প্রশিক্ষণ আয়োজন খুবই সময় উপযোগী। এনজিওসমূহের মধ্যে সমন্বয়সাধন, সরকারের উন্নয়ন কর্মকান্ডে সহায়তা করা এবং সংগঠনের দক্ষতা বৃদ্ধিতে এডাব-এর কর্মসূচিকে তিনি সাধুবাদ জানান। প্রশিক্ষন লব্দ এই জ্ঞান ঝিনাইদহের উন্নয়ন কাজে বিশেষ অবদান রাখবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। সময় উপযোগী এ ধরনের একটি প্রশিক্ষণ ঝিনাইদহে আয়োজন করার জন্য তিনি এডাব কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান।

প্রশিক্ষণের উদ্বোধনী পর্বে সভাপতিত্ব করেন এডাব ঝিনাইদহ জেলা কমিটির সভাপতি ও এসডাব-এর নির্বাহী পরিচালক মিজানুর রহমান। এডাব খুলনা বিভাগের সমন্বয়কারী মো: রেজাউল করিম প্রশিক্ষণের সার্বিক সমন্বয়ের দায়িত্ব পালন করেন। খুলনা বিভাগের যশোর, মাগুরা, কুষ্টিয়া ও চুয়াডাঙ্গা জেলার এডাব এর সদস্য সংস্থা থেকে ২৬ টি এন.জি.ও’র প্রতিনিধিগণ এই প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহন করেন।

ঝিনাইদহের সাবেক সাংসদ শফিকুল ইসলাম অপুর ২ দিনের রিমান্ড মঞ্জুর

ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি ও সাবেক সংসদ সদস্য শফিকুলই সলাম অপুকে ব্যবসা প্রতিষ্ঠান ভাংচুর মামলায় ২ দিনের রিমান্ড দিয়েছে আদালত। আজ সোমবার দুপুরে সনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট সদা আমলী আদালতে হাজির করা হলে বিচারক ওয়াজিদুর রহমান দুই দিনের এ রিমান্ড মঞ্জুর করেন।

সদর থানা সুত্রে জানা যায়, গতকাল রবিবার রাতে ঢাকার ধানমন্ডি এলাকার বাসা থেকে শফিকুল ইসলাম অপুকে গ্রেপ্তার করে মহানগর গোয়েন্দা পুলিশ। পরবর্তিতে ঝিনাইদহ সদর থানা পুলিশ ঢাকা থেকে শফিকুল ইসলাম অপুকে ঝিনাইদহে নিয়ে আসে। এরপর তাকে জিজ্ঞাসা বাদেও জন্য ঝিনাইদহ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট সদর আমলী আদালতে হাজির করে রিমান্ডের আবেদন করা হয়।

ঝিনাইদহ সদর থানার ওসি আব্দুল্লাহ আল মামুন জানান, গত বছরের ৪ আগস্টে ব্যবসা প্রতিষ্ঠান ভাংচুর মামলায় ৫ দিনের রিমান্ড আবেদন করে ছিলাম। আদালত ২ দিনের রিমান্ড মঞ্জুর করেছেএবং থানা হেফাজতে রেখে জিজ্ঞাসা বাদের নির্দেশ দেন।

উল্লেখ, সফিকুল ইসলাম অপু ২০০৮ সালের নবম জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশ আওয়ামী লীগের প্রার্থী হিসেবে ঝিনাইদহ-২ আসন থেকে সংসদ সদস্য নির্বাচিত হন। এরপর ২০২৪ সালের ২৪ মার্চ ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের তৎকালীন সভাপতি ও ঝিনাইদহ-১ আসনের সাবেক সংসদ সদস্য আব্দুল হাইয়ের মৃত্যুতে সভাপতির পদটি শূন্য হয়। পেও আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্য নির্বাহী সংসদের সিদ্ধান্ত অনুযায়ী অপুকে জেলা আওয়ামী লীগের সভাপতি পদে মনোনয়ন দেওয়া হয়।

ঝিনাইদহে জাতীয় মৎস্য সপ্তাহ শুরু

‘অভয়াশ্রম গড়ে তুলি, দেশি মাছে দেশ ভরি’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে শুরু হয়েছে জাতীয় মৎস্য সপ্তাহ।

আজ সোমবার সকালে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বরে বেলুন উড়িয়ে জাতীয় মৎস্য সপ্তাহের উদ্বোধন করেন জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আওয়াল। পরে সেখান থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে সদর উপজেলা পরিষদ চত্বরে গিয়ে শেষ হয়।

পরে উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত আলোচনা সভায় জেলা প্রশাসক ছাড়াও অতিরিক্ত জেলা প্রশাসক সাইফুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার হোসনে আরা, জেলা মৎস্য কর্মকর্তা ফরহাদুর রেজা, সদর উপজেলা মৎস কর্মকর্তা গোলাম সরোয়ারসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

সেসময় বক্তারা বলেন, অভয়াশ্রম গড়ে তুললে দেশি মাছের প্রজনন ও সংরক্ষণ নিশ্চিত হবে। এতে যেমন জীববৈচিত্র্য টিকে থাকবে, তেমনি দেশি মাছে ভরবে দেশের বাজার। তাই সকলকে মৎস্য সম্পদ রক্ষায় এগিয়ে আসার আহ্বান জানান বক্তারা। অনুষ্ঠান শেষে জেলার ৪ জন শ্রেষ্ঠ মৎস্য চাষী ও খামারিকে সম্মননা প্রদাণ করা হয়।

ঝিনাইদহে শিক্ষার্থীদের মাঝে গাছের চারা বিতরণ

“সবুজ পৃথিবী গড়ার দায়িত্ব আমাদের সবার” -এই স্লোগানকে সামনে রেখে পরিবেশের ভারসাম্য রক্ষায় ঝিনাইদহে বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে গাছের চারা বিতরণ করা হয়েছে।
আজ সোমবার সকালে সদর উপজেলার কুমড়াবাড়িয়া কনেজপুর সরকারি

প্রাথমিক বিদ্যালয়ে এ গাছের চারা বিতরণ করেন ইত্যাদির সাড়া জাগানো পরিবেশবিদ জহির রায়হান। সেসময় বিদ্যালয়ের প্রধান শিক্ষক রাশেদুল ইসলাম, সহকারী শিক্ষক হায়দার আলী, আলমগীর হোসেন, ইসমত আরাসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।
গাছের চারা বিতরণ অনুষ্ঠানে জহির রায়হান বলেন, “প্রতিদিন আমরা যেমন নিঃশ্বাস নেই, তেমনি প্রতিদিনই পৃথিবীকে কিছু ফিরিয়ে দেওয়ার দায়িত্ব আমাদের। গাছ লাগানো তার সবচেয়ে সহজ উপায়। শিক্ষার্থীদের পরিবেশ সম্পর্কে সচেতন করতেই এ গাছের বিতরণ করা হচ্ছে।
পরে বিদ্যালয়ের ১’শ ১৪ জন শিক্ষার্থীর মাঝে ফলজ, বনজ ও ঔষধী গাছের চারা বিতরণ করা হয়।

ঝিনাইদহে ৬ লেন প্রকল্পের জমির মূল্য নির্ধারণে স্বেচ্ছাচারিতার অভিযোগ

মংলা বন্দরের সাথে উত্তরাঞ্চলসহ সারাদেশের যোগাযোগ ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের অর্থয়ানে ২০২০ সালের ২৪ নভেম্বরে একনেক সভায় ঝিনাইদহ কেন্দ্রীয় বাস টার্মিনাল থেকে যশোরের চাচড়া পর্যন্ত ৪৭.৪৮ কিলোমিটার সড়ক ৬ লেনে উন্নীতকরণের প্রকল্প পাস হয়। সেমসময় উইকেয়ার ফেজ-১: ঝিনাইদহ-যশোর মহাসড়ক (এন-৭) উন্নয়ন প্রকল্প’র প্রাক্কলিত ব্যয় মূল্য ধরা হয় ৪১৮৭.৭০১৭ কোটি টাকা, মেয়াদ নির্ধারিত হয় ২০২১ সালের পহেলা জানুয়ারি হতে ২০২৩ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত। কিন্তু ভূমি অধিগ্রহণ জটিলতায় বাড়ানো হয়েছে প্রকল্পের মেয়াদ ও মূল্য। তবে গতকাল রবিবার (১৭ আগস্ট) পর্যন্ত একটি উপজেলারও ভূমি অধিগ্রহণ শেষ করতে পারেনি ঝিনাইদহ ও যশোরের জেলা প্রশাসনের ভূমি অধিগ্রহণ শাখা। অধিগ্রহণের তালিকাভুক্তদের নানা অভিযোগ ও আপত্তি উপেক্ষা করেই গত ৮ আগস্ট ভূমির দাম নির্ধারণ করে নোটিশ দেওয়া হয়েছে। তবে ভুক্তভোগীরা তা প্রত্যাখ্যান করে মানববন্ধন করেছে। গত ১০ আগস্ট সকালে জেলার কালীগঞ্জ বাসস্ট্যান্ডে তারা মানববন্ধন করেন। মানববন্ধন থেকে জমির সঠিক মূল্য দাবিসহ ঝিনাইদহ জেলা প্রশাসকের

করে কালীগঞ্জের বারোবাজার ইউনিয়নের শেষ সীমানা পর্যন্ত ভূমি মালিকদের শতশত অভিযোগ ও আপত্তি থাকলেও সেগুলো আমলে না নিয়ে নিজেদের খেয়াল খুশি মতো কাজ করছেন এমন অসংখ্য অভিযোগ রয়েছে।

জানাগেছে, এলএ(সাধারণ) ২/২০২২-২৩ ঝিনাইদহ সদর উপজেলায় ও এলএ(সাধারণ) ১/২০২২-২৩ মামলায় কালীগঞ্জ উপজেলায় জমি অধিগ্রহণ করা হচ্ছে। লট-১ অঞ্চলে ব্যক্তি মালিকানা জমি রয়েছে ৯১.৮৬ একর, সরকারি সংস্থার ১.৫২ একর, লট-২ অঞ্চলে ব্যক্তি মালিকানা জমি রয়েছে ১৩২.২২ একর এবং লট-৩ অঞ্চলে ব্যক্তিমালিকানা জমি রয়েছে ৭১.৫৭ একর এবং সেনানিবাসের ৮.০৮ একর জমি রয়েছে। ঝিনাইদহ জেলার মধ্যে জেলা পরিষদের জমি রয়েছে ১৪৫.৪৬ একর। মোবারকগঞ্জ সুগার মিলের জমির মধ্যে মিল এলাকায় ১.৬৬ শতক, সদর উপজেলার বিষয়খালী মৌজায় ১৩ শতক, কালীগঞ্জের বারোবাজারে ৪৩ শতক, সাত মাইলে ৬৩ শতক জমি অধিগ্রহণ হচ্ছে। তবে ৩.১৫ শতক জমির মোট ১৬ লাখ ৭০ হাজার টাকা গ্রহণের জন্য গত শনিবার সুগার মিলে নোটিশ পাঠিয়েছে ভূমি অধিগ্রহণ শাখা। জেলা পরিষদের জমি বাবদ জেলা পরিষদের অনুকূলে টাকা দেওয়া হবে না এমন কথাও শোনা যাচ্ছে।

রবিবার কালীগঞ্জের বিভিন্ন গ্রামের ক্ষতিগ্রস্ত শহিদুল ইসলাম, আবু জাফর ও মোফাজ্জেল হোসেনসহ প্রায় দুইশতাধিক ক্ষতিগ্রস্ত ব্যক্তি সঠিক মূল্য চেয়ে মানববন্ধন করেছেন এবং প্রধান উপদেষ্টাসহ সংশ্লিষ্ট দপ্তরগুলোতে স্মারকলিপি পাঠিয়েছেন। তারা ঘন্টাব্যাপী সড়ক অবরোধ করে রাখেন। এক ঘন্টা তারা সড়কে কোন যানবাহন চলাচল করতে দেননি। তাদের ভাষ্য অনুযায়ী, যেই জমির বাজারমূল্য বর্তমানে ২০ থেকে ৩০ লাখ সেখানে সরকার তাদের ৭ থেকে ৮ লাখ টাকা দিচ্ছে। জমিতে থাকা স্থাপত্যেরও সঠিক মূল্য নির্ধারিত হয়নি। সার্ভেয়ার রিয়াজুল ইসলাম যাদের কাছ থেকে অনৈতিক সুবিধা পেয়েছেন তাদের জমি ও ভবনের সঠিক শ্রেণিতে দাম নির্ধারিত হয়েছে।

কালীগঞ্জের আড়পাড়ার বাসিন্দা ও শহরের ঝরনা প্রিন্টিং প্রেসের মালিক আবু জাফর বলেন, আড়পাড়া মৌজার ১৮৫ নং খতিয়ানের ১১.১৫ শতক জমির মধ্যে ৩.১৫ শতক জমি অধিগ্রহণ করা হচ্ছে। এই পুরো জমিতে তাদের একটি দ্বিতল ভবন রয়েছে। নিচে প্রিন্টিং প্রেস, দোকান ও উপরে একটি ডিজিটাল ফটোল্যাব রয়েছে। ল্যাবটি শীতাতাপ নিয়ন্ত্রিত। তিনি বলেন, প্রথম নোটিশ পেয়ে জেলা প্রশাসকের কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখায় গেলে সার্ভেয়ার রিয়াজুল তাদের জমি অধিগ্রহণ হচ্ছে না বলে তাকে ফিরিয়ে দেয়। পরে তিনি আবারও খোঁজ নিতে যান। তিনি বলেন, আমাদের এই জমি ও ভবন কালীগঞ্জ শহরের টপ পজিশনে অবস্থিত।

কিন্তু সার্ভেয়াররা জ্বরাজীর্ণ ভবন ও নিম্ন শ্রেণিতে অন্তর্ভুক্ত করে আমাদের ঠকিয়েছে। আপত্তি দাখিল করতে গেলেও তারা বিভিন্ন অজুহাতে নেননি। ল্যাবের বিষয়ে রিয়াজুলের সাথে কথা বলতে গেলে তিনি এমপি আনারের ভয় দেখান। চলতি বছরের ২৬ মে হাইকোর্টে একটি রিট পিটিশন (৯২৭৪/২০২৫) দায়ের করেন আবু জাফরের পরিবার। হাইকোর্টের বিচারক মোঃ আকরাম হোসেন চৌধুরী ও দেবাশীষ রায় চৌধুরী ঝিনাইদহ জেলা প্রশাসককে আপত্তি গ্রহণের নির্দেশ দিলেও তারা গ্রহণ করেননি।

রবিবার সকালেও ঝিনাইদহ জেলা প্রশাসকের কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখার সামনে ২০ থেকে ৩০ জন অভিযোগকারীর সাথে কথা হয়।

কালীগঞ্জের বাদেডীহী গ্রামের আব্দুল মালেক বিশ্বাসের ছেলে জিনাত বলেন, আমার জমির রেট দেচ্ছে মাত্র ৪৫ হাজার টাকা শতক। এই জমি বর্তমানে ২০ লাখের উপরে শতক বিক্রি হচ্ছে। আমরা মাঠের জমি বিক্রি করে ও ব্যাংক থেকে ঋণ নিয়ে এই জমিতে বিল্ডিং করেছিলাম। সরকার আমার জমি ও বিল্ডিং বাবদ যা দিচ্ছে তা দিয়ে আমার জমির চার ভাগের একভাগও কিনতে পারবো না।

একই গ্রামের গোলাম নবীর ছেলে রোকনুজ্জামান বলেন, ২০০৫ সালে বিদেশ থাকা অবস্থায় আমি বারোবাজারে ৩ লাখ টাকা শতক যে জমি কিনেছি সেই জমি সরকার এখন ৪৫ হাজার টাকা করে শতক দিতে চাচ্ছে। এই জমির বাজার মূল্য এখন ২০ লাখের উপরে। সরকার আমাকে পথে বসিয়ে দিচ্ছে।

পিঠাপুকুর গ্রামের ভোলাই বিশ্বাসের ছেলে রবিউল ইসলাম বলেন, বাজারের উপরে আমার ২৩ শতক জমি আছে। এই জমিতে পাকা ভবনে ২২টি দোকান নির্মাণ করা রয়েছে। তার মধ্যে ৬ শতক জমি অধিগ্রহণ হচ্ছে। আমার জমির দাম দিচ্ছে ৫৫ হাজার টাকা শতক ও মার্কেটের ক্ষতিপূরণ বাবদ ২৮ লাখ টাকা।

বাবুল আক্তার নামে একজন জানান, তাদের ২.৯৬ শতক জমি অধিগ্রহণ হচ্ছে। এর মধ্যে ০.৯০ শতক জমি ডাঙ্গা শ্রেণি দেখানো হয়েছে। আমি ঝিনাইদহ ভূমি অধিগ্রহণ শাখায় আপত্তি দাখিল করলে সরজমিনে তদন্তে আসেন কর্মকর্তারা। তারা সরজমিনে আমাদের ভূল স্বীকার করে সংশোধন করে দিবেন বলে জানালেও তা আর করেননি। আমি সার্ভেয়ার রিয়াজুল ইসলামের সাথে যোগাযোগ করেও কোন প্রতিকার পায়নি।

খোঁজ নিয়ে জানাগেছে, এলএ (সাধারণ) ১/২০২২-২৩ মামলায় জমির মালিকদের ২০২৩ সালের ২৬ জুন থেকে ভূমি অধিগ্রহণ আইনের ৪এর ১

ধারার নোটিশ দেওয়া শুরু হয়। অভিযোগ রয়েছে নোটিশ দেওয়ার সময় গ্রহণকারীদের তারিখ বিহীন স্বাক্ষর নেওয়া হয়। কয়েক মাস ধরে এই নোটিশ বিতরণ করা হয়েছে এক এনজিওর মাধ্যমে। আইন অনুযায়ী নোটিশ পাওয়ার ১৫ দিনের মধ্যে আপত্তি দাখিলের নির্দেশ রয়েছে। তারিখ বিহীন স্বাক্ষরের ফাঁদে পড়ে অনেকেই আপত্তি দাখিল করতে গিয়ে জানতে পারেন আপত্তি দাখিলের মেয়াদ নেই।
সার্ভেয়ার রিয়াজুল ইসলামকে যারা অনৈতিক সুবিধা দিয়েছেন তাদের জমি সঠিকভাবে শ্রেণিবদ্ধ হয়েছে এমন অভিযোগও রয়েছে। ঝিনাইদহ ভূমি অধিগ্রহণ শাখার কয়েকজন নাম প্রকাশ না করার শর্তে জানিয়েছেন, আওয়ামী লীগ সরকারের সাবেক এমপি আনোয়ারুল আজীম আনারের সাথে সখ্যতা থাকায় বেজায় দাপুটে ছিলেন সার্ভেয়ার রিয়াজুল ইসলাম। রিয়াজুল ইসলামের বিরুদ্ধে অভিযোগ নিয়ে ঘুরলেও তার দাপটের কারণে কেউ সুবিধা করতে পারেনি। রিয়াজুল ইসলাম কালীগঞ্জের ফারিস্ট কোল্ডস্টোরেজসহ বিভিন্ন প্রতিষ্ঠানের পূর্বের ধারণকৃত ভিডিও পরিবর্তন করে বিপুল টাকা হাতিয়ে নিয়েছেন। খোঁজ নিয়ে জানাগেছে, রিয়াজুল ইসলাম সাতক্ষীরার নীল ডুমুর এলাকায় বিজিবির একটি প্রকল্পে ১৫ লাখ টাকার ঘুষ কেলেংকারীতে ঝিনাইদহে শাস্তিমূলক বদলি হয়ে আসেন। ঝিনাইদহে এসে সাবেক এমপি আনারের দাপটে কালীগঞ্জ এলাকার ভূমি অধিগ্রহণে বিপুল পরিমাণ অবৈধ অর্থ উপার্জন করেছেন। অভিযোগের বিষয়ে রিয়াজুল ইসলাম বলেন, এ ধরনের কথা যারা বলছেন তাদের দাবি সম্পূর্ণ ভিত্তিহীন। বর্তমান সময়ে জমি অধিগ্রহণে শ্রেণি পরিবর্তনের কোন সুযোগ নেই। সার্ভে করার সময় ম্যাজিস্ট্রেট ছিল। তিনি যেভাবে বলেছেন সেইভাবে লিখেছি।

ঝিনাইদহ ভূমি অধিগ্রহণ কর্মকর্তা আহমেদ সাদাত বলেন, এসব বিষয়ে আমাকে কেউ এখনো জানায়নি বা আমি কোন লিখিত অভিযোগ পায়নি।

উইকেয়ার ফেজ-১ প্রকল্পের ডেপুটি প্রজেক্ট ম্যানেজার মোঃ নিলন আলী বলেন, জমি অধিগ্রহণ শেষ করতে না পারায় আমরা কাজ করতে পারছি না। লট-১ অঞ্চলে ৭.২৫ শতাংশ অগ্রগতি হয়েছে। তবে অন্যান্য লটে ২ শতাংশের নিচে। বিদ্যুতের পোল সরানো হয়নি। এই কারণে আমরা রোডস এন্ড হাইওয়ের জমিতেও কাজ করতে পারছি না। অধিগ্রহণ শেষ হলেই আমরা দ্রুত কাজ শেষ করবো।

রেল লাইন, মেডিকেল কলেজ ও বিশ্ববিদ্যালয় স্থাপনের দাবিতে ঝিনাইদহে মানববন্ধন

ঝিনাইদহ জেলা শহরে রেল সংযোগ, মেডিকেল কলেজ ও বিশ্ববিদ্যালয় স্থাপনের দাবিতে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে। শনিবার সকালে শহরের পায়রা চত্বরে এ কর্মসূচীর আয়োজন করে রেল লাইনম মেডিকেল কলেজ বাস্তবায়ন কমিটি। এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনটির নেতৃবৃন্দ ছাড়াও, রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও ব্যবসায়ীরা অংশ নেয়।
মানববন্ধন শেষে এক সমাবেশে, ঝিনাইদহ জেলা জজ আদালতের পিপি এ্যাড এস এম মশিয়ূর রহমান, দৈনিক নবচিত্র পত্রিকার সম্পাদ এ্যাড আলাউদ্দীন আজাদ, জেলা বিএনপি’র সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস, মানবাধিকার কর্মী আমিনুর রহমান টুকু, এন এম শাহজালাল, সাবেক কমিশনার মাহবুবুর রহমান শেখর, দোকান মালিক সমিতির সাধারণ সম্পাদ মনিরুজ্জামান খান মিঠু, মাওলানা মুফতি আরিফ বিল্লাহ, মাওলানা মমতাজুল করিম, কামরুজ্জামান পিন্টু ও এ্যাড মনিরুল ইসলাম মিল্টনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।
মানববন্ধনে বক্তারা বলেন, ঝিনাইদহবাসীর বহু দিনের স্বপ্ন রেললাইন, মেডিকেল কলেজ ও বিশ্ববিদ্যালয় এখনো বাস্তবায়িত হয়নি। এসব স্থাপনা হলে শুধু জেলার মানুষ নয়, দক্ষিণ-পশ্চিমাঞ্চলের শিক্ষা, স্বাস্থ্য ও অর্থনৈতিক উন্নয়নে বৈপ্লবিক পরিবর্তন আসবে। তাছাড়া এসব প্রতিষ্ঠান গড়ে তোলার ক্ষেত্রে অনেক সহযোগী প্রতিষ্ঠান রয়েছে।
বক্তাদের দাবি, অবিলম্বে এ উদ্যোগ গ্রহণ করতে হবে। নইলে আন্দোলন আরও তীব্র আকারে ছড়িয়ে দেওয়া হবে বলে হুঁশিয়ারি দেন তারা। মানববন্ধন শেষে রেল লাইন, মেডিকেল কলেজ ও বিশ্ববিদ্যালয় স্থাপনের দাবিতে মিছিল বের হয়।

বিভিন্ন দাবিতে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচি পালন

ঝিনাইদহ জেলা শহরে রেল সংযোগ, মেডিকেল কলেজ ও বিশ্ববিদ্যালয় স্থাপনের দাবিতে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।

শনিবার সকালে শহরের পায়রা চত্বরে এ কর্মসূচীর আয়োজন করে রেল লাইনম মেডিকেল কলেজ বাস্তবায়ন কমিটি। এতে ব্যানার ফেস্টুন নিয়ে সংগঠনটির নেতৃবৃন্দ ছাড়াও, রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও ব্যবসায়ীরা অংশ নেয়।

মানববন্ধন শেষে এক সমাবেশে, ঝিনাইদহ জেলা জজ আদালতের পিপি এ্যাড এস এম মশিয়ূর রহমান, দৈনিক নবচিত্র পত্রিকার সম্পাদ এ্যাড আলাউদ্দীন আজাদ, জেলা বিএনপি’র সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস, মানবাধিকার কর্মী আমিনুর রহমান টুকু, এন এম শাহজালাল, সাবেক কমিশনার মাহবুবুর রহমান শেখর, দোকান মালিক সমিতির সাধারণ সম্পাদ মনিরুজ্জামান খান মিঠু, মাওলানা মুফতি আরিফ বিল্লাহ, মাওলানা মমতাজুল করিম, কামরুজ্জামান পিন্টু ও এ্যাড মনিরুল ইসলাম মিল্টনসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

মানববন্ধনে বক্তারা বলেন, ঝিনাইদহবাসীর বহু দিনের স্বপ্ন রেললাইন, মেডিকেল কলেজ ও বিশ্ববিদ্যালয় এখনো বাস্তবায়িত হয়নি। এসব স্থাপনা হলে শুধু জেলার মানুষ নয়, দক্ষিণ-পশ্চিমাঞ্চলের শিক্ষা, স্বাস্থ্য ও অর্থনৈতিক উন্নয়নে বৈপ্লবিক পরিবর্তন আসবে। তাছাড়া এসব প্রতিষ্ঠান গড়ে তোলার ক্ষেত্রে অনেক সহযোগী প্রতিষ্ঠান রয়েছে।

বক্তাদের দাবি, অবিলম্বে এ উদ্যোগ গ্রহণ করতে হবে। নইলে আন্দোলন আরও তীব্র আকারে ছড়িয়ে দেওয়া হবে বলে হুঁশিয়ারি দেন তারা। মানববন্ধন শেষে রেল লাইন, মেডিকেল কলেজ ও বিশ্ববিদ্যালয় স্থাপনের দাবিতে মিছিল বের হয়।

ঝিনাইদহে আনন্দ-উৎসবের মধ্য দিয়ে জন্মাষ্টমী পালন

আজ ১৬ আগস্ট শনিবার শুভ জন্মাষ্টমী। সনাতন হিন্দু ধর্মাবলম্বীদের আরাধ্য ভগবান শ্রীকৃষ্ণের জন্মতিথি। ভাদ্র মাসের কৃষ্ণপক্ষের অষ্টমী তিথিতে দুষ্টের দমন, শিষ্টের পালন এবং ধর্ম রক্ষার্থে মহাবতার রূপে জন্মগ্রহণ করেছিলেন ভগবান শ্রীকৃষ্ণ।

সেই উপলক্ষে প্রতিবছরের মতো এবারও শ্রীকৃষ্ণের জন্মতিথি উপলক্ষে পালন করা হয় জন্মাষ্টমী। এরই ধারাবাহিকতায় ঝিনাইদহের সনাতন ধর্মাবলম্বী সম্প্রদায় আনন্দ-উৎসবের মধ্য দিয়ে জন্মাষ্টমী পালন করেছে।

প্রায় সাড়ে পাঁচ হাজার বছর আগে দ্বাপর যুগে ভাদ্র মাসের কৃষ্ণপক্ষের অষ্টমী তিথিতে মহাবতার শ্রীকৃষ্ণ ধরাধামে আবির্ভূত হন। অত্যাচারী ও অসুরদের বিরুদ্ধে শান্তিপ্রিয় সাধুজনের রক্ষার লক্ষ্যে তিনি মথুরার কংসের কারাগারে জন্মগ্রহণ করেন।

শিষ্টের পালন ও দুষ্টের দমনে তিনি ব্রতী ছিলেন। সত্য ও ন্যায় প্রতিষ্ঠার ক্ষেত্রে শ্রীকৃষ্ণ তাই ভগবানের আসনে অধিষ্ঠিত। অবতার হয়ে শ্রীকৃষ্ণ জন্ম নিয়েছিলেন মাতা দেবকীর গর্ভে।

ঝিনাইদহে শ্রী শ্রী মদন মোহন মন্দির থেকে জন্মাষ্টমী উৎসব উপলক্ষে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে পুনরায় মন্দিরে এসে শেষ হয়।

র্যালিতে ঝিনাইদহের বিভিন্ন মন্দির ও এলাকা থেকে ভক্তবৃন্দ উপস্থিত ছিলেন। এছাড়া অনুষ্ঠানসূচির মধ্যে প্রসাদ বিতরণ ও ধর্মীয় আলোচনা ছিল।

শ্রী শ্রী মদন মোহন মন্দিরের সভাপতি অলোক কুণ্ডু ও সাধারণ সম্পাদক সুশান্ত সরকার জানা, প্রতি বছরের ন্যায় এ বছরও শান্তি-শৃঙ্খলা বজায় রেখে আমরা জন্মাষ্টমীর র্যালি সম্পন্ন করেছি।